উপজেলা পরিষদ
পানছড়ি, খাগড়াছড়ি।

স্মারক নং-স্থা:সর:৫(০৩)/২০১৯-২৮

তারিখ: ০৩/০৪/২০২৩খ্রি:।

সভার নোটিশ

মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা এর স্মারক নং: ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫-৭৩২ তারিখ: ০৮/০৮/২০১৬খ্রি: পত্র মূলে উপজেলা পরিষদের মাসিক সভা **আগামী ১০/০৪/২০২৩খ্রি:** তারিখ-সোমবার বেলা ১১.৩০ ঘটিকার সময় নিম্নোক্ত আলোচ্যসূচীর আলোকে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধানগণকে কার্যবিবরণী তৈরীর স্বার্থে আবশ্যিকভাবে স্ব-স্ব বিভাগের কার্যপত্র দাখিলসহ নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

উল্লেখ্য যে, যথাযথ কারণ ব্যতিরেকে উপজেলা পরিষদের মাসিক সভায় অফিস প্রধান ব্যতীত প্রতিনিধি প্রেরণ না করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

সভার আলোচ্যসূচী সমূহ:

১. বিগত সভার কার্যবিবরণ অনুমোদন;
২. এডিপি/টিআর/কাবিখা/কাবিটা এর অগ্রগতি পর্যালোচনা;
৩. উপজেলা কমিটি সমূহের প্রস্তাব পর্যালোচনা;
৪. বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা;
৫. বিবিধ।

০৩/৪/২৩

(রুবাইয়া আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, পানছড়ি, খাগড়াছড়ি।

প্রাপক :

....কর্মকর্তা
পানছড়ি, খাগড়াছড়ি।

অনুলিপি : **সদয় অবগতির জন্য**
১। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। উপ পরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

উপজেলা পরিষদ
পানছড়ি, খাগড়াছড়ি।

স্মারক নং-স্থা:সর:৫(০৩)/২০১৯-২৮

তারিখ: ০৩/০৪/২০২৩খ্রি:।

সভার নোটিশ

মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা এর স্মারক নং: ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫-৭৩২ তারিখ: ০৮/০৮/২০১৬খ্রি: পত্র মূলে উপজেলা পরিষদের মাসিক সভা **আগামী ১০/০৪/২০২৩খ্রি:** তারিখ-সোমবার বেলা ১১.৩০ ঘটিকার সময় নিম্নোক্ত আলোচ্যসূচীর আলোকে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধানগণকে কার্যবিবরণী তৈরীর স্বার্থে আবশ্যিকভাবে স্ব-স্ব বিভাগের কার্যপত্র দাখিলসহ নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

উল্লেখ্য যে, যথাযথ কারণ ব্যতিরেকে উপজেলা পরিষদের মাসিক সভায় অফিস প্রধান ব্যতীত প্রতিনিধি প্রেরণ না করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

সভার আলোচ্যসূচী সমূহ:

১. বিগত সভার কার্যবিবরণ অনুমোদন;
২. এডিপি/টিআর/কাবিখা/কাবিটা এর অগ্রগতি পর্যালোচনা;
৩. উপজেলা কমিটি সমূহের প্রস্তাব পর্যালোচনা;
৪. বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা;
৫. বিবিধ।

০৩/৪/২৩

(রুবাইয়া আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, পানছড়ি, খাগড়াছড়ি।

প্রাপক :

চেয়ারম্যান
১নং লোগাং/২নং চেঙ্গী/৩নং পানছড়ি/৪নং লতিবান/৫নং উল্টাছড়ি ইউ.পি.
পানছড়ি, খাগড়াছড়ি।

অনুলিপি : **সদয় অবগতির জন্য**
১। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। উপ পরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

এপ্রিল, ২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত পানছড়ি উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব চন্দ্রদেব চাকমা, প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, পানছড়ি।
সভার স্থান	:	উপজেলা পরিষদ মিলনায়তন, পানছড়ি, খাগড়াছড়ি
সভার তারিখ ও সময়	:	১০ এপ্রিল, ২০২৩খ্রি: ; সময় : বেলা ১১.৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যদের নাম	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।
বিবেচ্য মাস	:	মার্চ, ২০২৩খ্রি:।

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অত:পর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি কে অনুরোধ করেন। শুরুতে গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। অত:পর কার্যবিবরণীতে কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃনং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	গত সভার কার্যবিবরণী	গত সভার কার্যবিবরণী অনুমোদিত।	সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি।
২	উপজেলা কমিটিসমূহের সভা অনুষ্ঠিত হলেও কোন সুপারিশ পাওয়া যায় নি।	উপজেলা কমিটিসমূহের সভায় কোন সুপারিশ না পাওয়াতে কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয় নি।	**সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিবগণ।**
৩	স্বাস্থ্য বিভাগ : উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান যে, বহি: বিভাগে উপস্থিতি রোগীর সংখ্যা ২৯৫৪ জন, জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৯৩ জন, অন্ত:বিভাগে ভর্তি রোগীর সংখ্যা ৩০৮ জন। হাসপাতালে প্রসূতি ডেলিভারী রোগীর সংখ্যা ১৬ জন, মাঠ/সিএসবিএ/সিসিতে ১০৪ জন। মোট এএনসি-১ম ৯৩ জন, ৪র্থ-৯৪ জন এবং পিএনসি ১১৪ জন। ম্যালেরিয়া রোগীর সংখ্যা- নাই, টিবি রোগীর সংখ্যা= ০৭ জন। অত্র উপজেলায় কোভিড-১৯ নিবন্ধিত সংখ্যা ৪১৮৫৪ জন, ১ম ডোজ প্রদান ৪১৪২৩ জন, দ্বিতীয় ডোজ ৪০৯১০ জন, ৩য় ডোজ-১৭৬৯৯, প্রদান করা হয় নি ৩১৩ জন।	(ক) টিবি রোগ প্রতিরোধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। (খ) জনস্বার্থে স্বাস্থ্য সেবা কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, পানছড়ি।
৪	পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান যে, সর্বমোট সক্ষম দম্পতির সংখ্যা ১২৩৩০ জন, খাবার বড়ি গ্রহণকারী (নতুন) ৮৬ জন, কন্ডম ব্যবহারকারী (নতুন) ২৫ জন, মোট ইনজেকশন গ্রহণকারী (নতুন) ১৬ জন, আইইউডি গ্রহণকারী (নতুন) ২ জন, ইমপ্ল্যান্ট গ্রহণকারী (নতুন) ১০ জন, স্থায়ী পদ্ধতি- পুরুষ বন্ধ্যাকরণ ০১ জন, মহিলা বন্ধ্যাকরণ ০০ জন, গর্ভখালাস ০২ জন, সাধারণ রোগী সেবা ৮৬৪ জন, চলতি মাসে নব দম্পতির সংখ্যা ২৭ জন, সর্বমোট পরিবার পরিকল্পনা গ্রহণকারী (নতুন+পুরাতন) ৯৫৯৪ জন, সর্বমোট গ্রহণকারীর হার ৭৭.৭৯%, উপজেলার মোট জনসংখ্যা ৬৬৩৫৬ জন, চলতি মাসে উঠান বৈঠক ১৩টি, উপজেলার জনসংখ্যার বৃদ্ধির হার ০.৭৩% মর্মে সভায় উপস্থাপন করেন।	(ক) মা ও শিশু স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। (খ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (গ) বাল্যবিবাহ ও কিশোরীর মাতৃত্বের বিষয়ে কাউন্সেলিং কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পানছড়ি।
৫	কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, আসন্ন খরিপ-১ মৌসুমে আউশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ২০০০ জন ক্ষুদ্র প্রান্তিক কৃষকদের মাঝে প্রতিজনকে বিনামূল্যে বীজ ৫ কেজি, এমওপি ১০ কেজি এবং ডিএপি ১০ কেজি বিতরণ করা হয়। এপ্রিল মাসে ইউরিয়া ১১০ মে.টন, এমওপি ১৬ মে.টন, ডিএপি ১৫ মে.টন এবং টিএসপি ১০০ মে.টন বরাদ্দ পাওয়া যায়। বর্তমানে ৬৪ মে.টন ইউরিয়া, এমওপি ৬ মে.টন, ডিএপি ১৫ মে.টন, টিএসপি ৩৫ মে.টন সার মজুদ আছে এবং মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। আম, লিচু, এবং মাল্টা বাগান পরিচর্যা কার্যক্রম এসএএওদের মাধ্যমে কৃষকদের পরামর্শ কার্যক্রম চলমান রয়েছে।	(ক) পর্যাপ্ত পরিমাণে সার মজুদ রাখার জন্য অনুরোধ করা হয়। (খ) আম, লিচু, এবং মাল্টা বাগান পরিচর্যা কার্যক্রম এসএএওদের মাধ্যমে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা,পানছড়ি।

৬	মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, চলতি মাসে ০৫ জন মাছ চাষীকে অফিসে পরামর্শ প্রদান এবং ৬টি প্রশিক্ষণপ্রাপ্ত চাষীর খামার পরিদর্শন করা হয়েছে। মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল কার্যক্রমে আওতায় সর্বমোট ৮.২৩৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। অনাদায়ী ঋণের পরিমাণ ৩.৬৫৯২০ লক্ষ টাকা আদায় হার ৫৬%। পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় চলতি অর্থবছরে ২০২২-২০২৩ অর্থবছরে প্রস্তাবিত জায়গায় উপজেলা মৎস্য কাম ট্রেনিং সেন্টার ভবনটি নির্মানার্থে টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন মর্মে প্রকল্প অফিসসূত্রে জানা যায় মর্মে জানান।	(ক) লক্ষ্যমাত্রানুযায়ী খেলাপী ঋণ আদায়ের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। (খ) পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় প্রস্তাবিত জায়গায় উপজেলা মৎস্য কাম ট্রেনিং সেন্টার ভবন দ্রুত নির্মানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা ও উপজেলা পানছড়ি, পানছড়ি
৭	প্রাণি সম্পদ বিভাগ : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, সংক্রমণ রোগ প্রতিরোধে গবাদিপশুর টিকা প্রদান ০০ মাত্রা, হাঁস-মুরগী টিকা প্রদান ০০ মাত্রা, গবাদি পশু চিকিৎসা ১০২৬টি, হাঁস-মুরগী চিকিৎসা ৯২২৯টি, কৃত্রিম প্রজনন ৮৬টি, রাজস্ব আদায়: গবাদি পশু হাঁস-মুরগী টিকা বিক্রয় বাবদ ০০ টাকা, কৃত্রিম প্রজনন ফি বাবদ ২৫৮০ টাকা এবং উঠান বৈঠক ০১টি মর্মে সভায় উপস্থাপন করেন।	(ক) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (খ) প্রাণি সম্পদের স্বাস্থ্য সুরক্ষার স্বার্থে প্রাণি চিকিৎসা সেবা কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (গ) নিয়মিত উঠান বৈঠকের মাধ্যমে খামারীদেরকে উদ্বুদ্ধ করণের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পানছড়ি।
৮	স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ : উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র আওতায় ১ম ও ২য় কিস্তি মোট ২১.২৭×২=৪২.৫৪ লক্ষ টাকা এবং ৩য় ও ৪র্থ কিস্তি হিসাবে মোট ২১.১৩×২=৪২.২৬ লক্ষ টাকাসহ সর্বমোট ৮৪.৮০ লক্ষ টাকা খাতওয়ারী বিভাজ পূর্বক ই-জিপি প্রক্রিয়ার মাধ্যমে দরপত্রের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এছাড়া পিআইসি স্কীমগুলোর আনুষাংগিক প্রয়োজনীয় কার্যক্রম যথারীতি বিধি মোতাবেক বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা হবে।	২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র আওতায় চুড়ান্ত স্কীমসমূহ বিধি অনুযায়ী বাস্তবায়নের নিমিত্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পানছড়ি।
৯	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক এবং সকল উন্নয়নমূলক কার্যক্রম শতভাগ সম্পাদন করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন।	(ক) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পানছড়ি।
১০	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কর্মকর্তা জানান যে, সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে ১৩০টি নলকূপের মধ্যে ১০১টির কাজ সম্পন্ন করা হয়েছে। বাকী ২৯টি কাজ চলমান। চলতি অর্থবছরে নতুনভাবে ১৩০টি নলকূপের মধ্যে ১২টি নলকূপ স্থাপন করা হয়েছে। বাকী কাজ চলমান। ৫৮ গ্রাম প্রকল্পের আওতায় মধ্য নগর গ্রামে পাইপ লাইনের কাজ চলমান আছে। মুজিববর্ষে আশ্রয়ন প্রকল্পে ৬৫টি নলকূপ স্থাপনের কাজ চলমান। ইতিমধ্যে ৩৭টি নলকূপ স্থাপন করা হয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ৬টি বিদ্যালয়ে দ্বিতল ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক।	(ক) অসমাপ্ত কাজগুলি যথাসময়ে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। (খ) চলতি অর্থবছরে নতুনভাবে বরাদ্দকৃত নলকূপসমূহ নির্দেশনা মোতাবেক স্থাপনের জন্য অনুরোধ করা হয়। (গ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (ঘ) বাস্তবায়িত প্রকল্পের কাজ নিয়মিত তদারকী করার জন্য অনুরোধ করা হয়।	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) পানছড়ি।
১১	প্রাথমিক শিক্ষা বিভাগ : উপজেলা শিক্ষা অফিসার কার্যপত্র দাখিল না করায় এ বিভাগ সম্পর্কে সভার কার্যবিবরণীতে অর্ন্তভূক্ত করা সম্ভব হয় নি।	(ক) আগামী সভায় উপস্থিতির সময় আবশ্যিকভাবে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা শিক্ষা অফিসার, পানছড়ি।